



একটি আবেদন

মাননীয় ও প্রিয় প্রাক্তনী,

গভীর উদ্বেগের সঙ্গে জানাই যে, আমাদের প্রিয় কলেজ **রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির** তার **আট দশকেরও বেশি** উচ্চ শিক্ষাক্ষেত্রে কৃতিত্বের শীর্ষ ফলক স্পর্শ করার পরেও বর্তমানে অত্যন্ত আকস্মিকভাবে কিছুটা আর্থিক সমস্যার সম্মুখীন হয়েছে। শিক্ষক এবং শিক্ষাকর্মীদের বেতন “স্যালারি গ্রান্ট” ব্যতীত অন্যান্য যে সমস্ত কেন্দ্র ও রাজ্য সরকারি প্রকল্প (বা আর্থিক অনুদান) থেকে নিয়মিতভাবে বিদ্যামন্দির উপকৃত হত এবং তার থেকে নানা ধরনের পাঠক্রমিক উন্নয়নমূলক কাজকর্ম (নানা ধরনের সেমিনার বা ওয়ার্কশপ, প্রতিবছরে লাইব্রেরির জন্য বই কেনা, কিছু কিছু ইনফ্রাস্ট্রাকচার তৈরীর কাজ ইত্যাদি) সারাবছর ধরে চালিয়ে নিয়ে যেত, বর্তমানে আর্থিক সংকটের কারণে সেসব করা সম্ভব হচ্ছে না। বিগত দুই দশকে খুব স্বাভাবিকভাবেই আমাদের কলেজে বিদ্যায়তনিক চর্চার বিপুল ব্যাপ্তি ও প্রসার ঘটেছে। **বর্তমানে ১৪ টি বিষয় স্নাতক সাম্মানিক, সাতটি বিষয়ে স্নাতকোত্তর, তিনটি বিষয়ে এমফিল এবং পাঁচটি বিষয়ে PhD গবেষণা চলছে।** এইসব অতিরিক্ত পঠন-পাঠনের জন্য আমাদের প্রয়োজনীয় শ্রেণীকক্ষ, গবেষণাগার, গ্রন্থাগার ইত্যাদির সংখ্যা বাড়ানোরও প্রয়োজন হয়ে পড়েছে। নির্মিত হয়েছে কয়েকটি অত্যন্ত দুর্লভ সংগ্রহশালা। সেগুলির যথাযথ রক্ষণাবেক্ষণও যথেষ্ট ব্যয়সাপেক্ষ। নতুন গড়ে ওঠা স্নাতক এবং স্নাতকোত্তর বিভাগগুলি পরিচালনার জন্য আমাদের অনেক অতিথি অধ্যাপকদের উপর অনেকাংশে নির্ভর করতে হয়। সাথে সাথে প্রতিষ্ঠানের কলেবর বৃদ্ধি হওয়াতে বর্তমানে কলেজে এবং হোস্টেলে “ম্যানেজমেন্ট স্টাফদের” সংখ্যাও বিপুল। অথচ বিগত আট দশকে বিদ্যামন্দিরের মূল বৈশিষ্ট্যগুলি অটুট এবং অক্ষুণ্ণ আছে। আপনারা জানেন, আজও বিদ্যামন্দির তার প্রথম দিনের মতোই বহু দরিদ্র অথচ মেধাবী তথা প্রান্তিক ছাত্রদের পঠন-পাঠনে সহায়তা করে চলেছে। কিন্তু ক্রমবর্ধমান আর্থিক সংকটের জন্য আমরা বর্তমানে এই সমস্ত কার্যগুলি সুচারু ভাবে নিষ্পন্ন করার ক্ষেত্রে আমরা কিছুটা সমস্যার সম্মুখীন হয়েছি। আমরা জানি যে, বিদ্যামন্দিরের বহু উজ্জ্বল প্রাক্তনী আজ স্ব-স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠিত। কলেজের এই গভীর সংকটময় মুহূর্তে আমরা আপনাদের আর্থিক অনুদানে এগিয়ে আসতে আন্তরিক আহ্বান জানাচ্ছি। প্রসঙ্গত: আরো জানাই যে, বিশেষ করে গরিব এবং দুঃস্থ ছাত্রদের স্কলারশিপ দেবার জন্য আমরা একটি বৃহৎ স্থায়ী তহবিল গঠন করার কথা ভাবছি। এছাড়াও আরো কতকগুলি তহবিল গঠন করার ভাবনা ভাবা হয়েছে।

ক) স্বামী বিবেকানন্দ রিসার্চ সেন্টার স্থায়ী তহবিল খ) বিদ্যামন্দিরের বাড়িঘর, সংগ্রহশালা ও গবেষণাগারের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের জন্য স্থায়ী তহবিল গ) দরিদ্র ছাত্রদের পড়াশোনা ও চিকিৎসার জন্য স্থায়ী তহবিল ঘ) শ্রী ভবন ও বিবেক ভবনের পুরনো ডাইনিং হল এর বাড়িটির পুনর্নির্মাণ তহবিল ঙ) বিদ্যামন্দিরের কলেজ Annex Building এবং বিনয় ভবন হোস্টেলে চতুর্থ তলা তৈরি করার জন্য তহবিল।

প্রসঙ্গত: আরো জানাই, আপনাদের সাথে যদি কোন বৃহৎ জাতীয় বা আন্তর্জাতিক সংস্থার যোগাযোগ থাকে যাঁরা CSR প্রকল্পে আর্থিক অনুদান দিয়ে থাকেন, তাঁদের সাথে স্বচ্ছন্দে আমাদের যোগাযোগও করিয়ে দিতে পারেন।

এই উপলক্ষে যাবতীয় দান ভারতীয় আয়কর আইনের ৮০জি ধারায় আয়কর মুক্ত। চেক, ড্রাফট বা সরাসরি ব্যাঙ্কে আপনার অনুদান পাঠাতে পারেন। অনুদান পাঠানোর সময় অনুগ্রহ করে লিখে দেবেন — (তহবিলের নামটি লিখে) **তহবিল সংক্রান্ত দান**। সঙ্গে একটি সংক্ষিপ্ত চিঠিতে অবশ্যই আপনার নাম, ঠিকানা, টেলিফোন নাম্বার এবং PAN লিখে দেবেন। এই অনুদান সরাসরি বিদ্যামন্দির ব্যাঙ্ক অ্যাকাউন্টে বা প্রাক্তনী সংসদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠাতে পারেন আর বিদেশী অনুদান হলে সারদাপীঠ অ্যাকাউন্টে পাঠাতে পারেন। এই সংক্রান্ত যেকোন প্রশ্নের জন্যে **সংশ্লিষ্ট মহারাজদের** সঙ্গে যোগাযোগ করতে পারেন — ১) স্বামী শান্তজ্ঞানন্দ বা সঞ্জীব মহারাজ (৯১৬৩৪৪৯৭৭৬), ২) স্বামী মহাপ্রজ্ঞানন্দ বা দেবর্ষি মহারাজ (৯৮৩১০৯৮৭৪০), ৩) ব্র. তত্ত্বচৈতন্য বা ঋদ্ধি মহারাজ (৬২৯১৪৮১৫৪০)।

[সরাসরি বিদ্যামন্দিরে ব্যাঙ্ক-ট্রান্সফারের জন্য প্রয়োজনীয় তথ্য — ICICI Bank, Srirampur Branch, Bank Account Number: 160801001310, IFSC Code: ICIC0001608; MICR Code: 700229049; সরাসরি ব্যাঙ্কে অনুদান পাঠালে বিদ্যামন্দিরের ই-মেইলে (vidyamandira@gmail.com) ঠিকানা, PAN ও অনুদানের উদ্দেশ্য-সব একটি ই-মেল পাঠাতে হবে।]

[এছাড়াও সরাসরি অনুদান পাঠাতে পারেন প্রাক্তনী সংসদের অ্যাকাউন্টে — ICICI Bank, Srirampur Branch, Bank Account Number: 160801001790, IFSC Code: ICIC0001608; MICR Code: 700229049; সরাসরি ব্যাঙ্কে অনুদান পাঠালে প্রাক্তনী সংসদের ই-মেইলে (alumnividyamandira@gmail.com) ঠিকানা, PAN ও অনুদানের উদ্দেশ্য-সব একটি ই-মেল পাঠাতে হবে।]

[বিদেশের অ্যাকাউন্ট থেকে আর্থিক অনুদান পাঠাতে চাইলে এই ব্যাঙ্কে পাঠাতে পারেন — State Bank of India, New Delhi Main (Tel: 011-23374390/4392/4143); Branch Code: 00691, FCRA Savings Account, Bank Account Number: 40196267994, IFSC Code: SBIN0000691; SWIFT: SBININBB104; সরাসরি ব্যাঙ্কে অনুদান পাঠালে সারদাপীঠের ই-মেইলে (saradapitha@rkmm.org) ঠিকানা, PAN ও অনুদানের উদ্দেশ্য-সব লিখে পাঠাতে হবে।]